# মন্ত্রণালয়ের অনুষ্ঠিতব্য অনলাইন প্রশিক্ষণ/সভায় অংশগ্রহণের নির্দেশিকা

**শিল্প মন্ত্রণালয়**

# অধ্যায়-১

# ভূমিকা

বিভিন্ন জরুরি পরিস্থিতিতে প্রশিক্ষণ/সভাসমূহ ভার্চুয়াল বা অনলাইনে সহজে আয়োজন করা যায়। ভিডিও কনফারেন্সিং এর জন্য বিভিন্ন প্রতিষ্ঠান অনলাইন সেবা প্রদান করে যাচ্ছে যেমনঃ স্কাইপি, জুম, গুগল মিট, ওয়েব-এক্স ইত্যাদি। বর্তমান সময়ে জুম মাধ্যমটি ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। শিল্প মন্ত্রণালয়ের বিভিন্ন প্রশিক্ষণ/সভাসমূহ অনলাইনে জুম ব্যবহার করে আয়োজন করা হচ্ছে।

## জুম (Zoom) কি?

ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রশিক্ষণ/সভা আয়োজন করার একটি সফটওয়্যার, যার মাধ্যমে এক সাথে ১০০ (একশত) ব্যবহারকারী যুক্ত হতে পারেন। ফ্রি ভার্সন ব্যবহার করে প্রতিটি প্রশিক্ষণ/সভা ৪০ (চল্লিশ) মিনিট করে যতবার খুশি ব্যবহার করা যাবে। প্রতি স্ক্রিণে ২৪ জন করে ১০০জন এর ছবি/ভিডিও স্ক্রিণে দেখা যাবে। সেটিংস হতে একটি অপশন পরিবর্তন করে একসাথে ৪৯ জন ব্যবহারকারীকে দেখা যাবে। জুম এর ওয়েবসাইটঃ www.zoom.us ।

## প্রয়োজনীয় উপকরণ ও কার্যক্রম

১। স্মার্টফোনঃ স্মার্টফোন হলে প্লে-স্টোর হতে ZOOM Cloud Meeting অ্যাপসটি ইন্সটল করে নিতে হবে।

২। ল্যাপটপঃ ল্যাপটপ হলে www.zoom.us/download সাইট ব্রাউজ করে সফটওয়্যারটি ল্যাপটপে ইনস্টল করে নিতে হবে।

৩। ডেস্কটপঃ ডেস্কটপ কম্পিউটার হলে www.zoom.us/download সাইট ব্রাউজ করে সফটওয়্যারটি কম্পিউটারে ইনস্টল করে নিতে হবে। কথা বলা ও শোনার জন্য মাইক্রোফোন যুক্ত হেডফোন প্রয়োজন হবে। ব্যবহারকারীকে অন্যের কাছে দেখানোর জন্য ওয়েব ক্যামেরা প্রয়োজন হবে। অনেক ওয়েবক্যামে মাইক্রোফোন বিল্ট-ইন থাকে, সেক্ষেত্রে স্পিকার ব্যবহার করেও কনফারেন্স করা যাবে।

## অংশগ্রহণকারী হিসেবে ভিডিও কনফারেন্সিং শুরুর পূর্বে করণীয়


১। কনফারেন্সের জন্য প্রদানকৃত আইডি ও পাসওয়ার্ড সঠিক কিনা তা কনফারেন্স শুরু আগেই যাচাই করে নেয়া।

২। মাইক্রোফোন ও ভিডিও ক্যামেরা ঠিকমতো কাজ করছে কিনা যাচাই করে নেয়া।

৩। নির্ধারিত সময়ের ১৫ মিনিট পূর্বে যুক্ত হওয়া।

৪। সব ঠিক থাকলে মাইক্রোফোনটি Mute/বন্ধ রাখতে হবে। কথা বলার সময় মাইক্রোফোন Un-Mute করে নিন। কথা বলা শেষ হলে মাইক্রোফোন Mute করুন। মাইক্রোফোন Mute না করার ফলে প্রশিক্ষণের কার্যক্রম/সভা ব্যাঘাত ঘটবে।

৫। জুম এ মাইক্রোফোন Mute করা হলে মোবাইল/ ল্যাপটপে নীচের চিত্রের মতো দেখাবে। মাইক্রোফোন ও ভিডিও Mute/Off করা হলে ক্রস দাগ থাকবে।






৫। একই স্থান/ঘর হতে একাধিক ডিভাইস যুক্ত হলে Echo নয়েজ হয়ে থাকে, তাই একাধিক ডিভাইস যুক্ত হওয়া যাবে না।



# অধ্যায়-০২

## জুম একাউন্ট তৈরি


১। ল্যাপটপ/ডেস্কটপে Zoom একাউন্ট তৈরি করতে হলে ব্রাউজার দিয়ে www.zoom.us সাইট ভিজিট করুন। উপর দিকে ডান পাশের SIGN UP, IT'S FREE অপশনে ক্লিক করুন। মোবাইলের মাধ্যমে খুলতে হলে জুম মোবাইলে অ্যাপসটি চালু করে Sign up অপশনে ক্লিক করুন।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|   |   |


২। ল্যাপটপ/ডেস্কটপ/মোবাইলে শুরুতে আপনার Date of Birth জানতে চাইবে, তা টাইপ করে Continue বাটনে ক্লিক করুন।


| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|   |   |

৩। এ পর্যায়ে Captcha ভেরিফিকেশন চাইবে। ক্যাপচা হিসেবে কোনো শব্দ/ওয়ার্ড লেখা থাকবে ও অনেক গুলো ছবি দিবে তা হতে নাম অনুযায়ী ছবি বাছাই করতে হবে।




৪। সব কিছু ঠিকমতো দিতে পারলে পরের স্ক্রিনে ই-মেইল এড্রেস চাইবে। আপনার ই-মেইল এড্রেস টাইপ করে Sign Up বাটনে ক্লিক করলে জুম হতে একটি Confirmation লিংকসহ একটি মেইল প্রেরণ করবে।




৫। আপনার মেইল হতে একাউন্ট Confirmation লিংকে অথবা Activate Account অপশনে ক্লিক করে জুম একাউন্টটি এক্টিভেট করে নিতে হবে।





৬। এক্টিভেট করার পরের ধাপে জুম এর পাসওয়ার্ড দিতে বলা হবে। Capital Letter, Small Letter, Number মিশ্রণে পাসওয়ার্ড তৈরি করে নিতে হবে। প্রোফাইলে নিজ ছবি যুক্ত করে নিতে হবে।

# অধ্যায়-৩


## প্রশিক্ষণ/সভা হোস্ট করা

ডেস্কটপ/ল্যাপটপে www.zoom.us/download সাইট ব্রাউজ করে সফটওয়্যারটি কম্পিউটার/ল্যাপটপে ইনস্টল করুন। মোবাইল ব্যবহারকারীরা প্লে-স্টোর এ zoom us দিয়ে সার্চ করে ZOOM Cloud Meeting Apps ইনস্টল করে নিন। এবার নিচের ধাপ গুলো অনুসরণ করুনঃ

**ল্যাপটপ / ডেস্কটপ**





**মোবাইল ফোন**





১। ইনস্টলকৃত জুম সফটওয়্যার/অ্যাপসটি চালু করুন। তৈরিকৃত জুম একাউন্ট এর ই-মেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।



**ল্যাপটপ / ডেস্কটপ**




**মোবাইল ফোন**



২। সফলভাবে লগইন হলে নিচের চিত্রেরমতো উইন্ডো দেখা যাবে। নতুন মিটিং হোস্ট করার জন্য Schedule নামক অপশনে ক্লিক করুন।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
| --- | --- |
|  |  |





৩। Schedule Meeting অপশনে বিভিন্ন তথ্য পূরণের জন্য ফাঁকা থাকবে। নিচে দেয়া তথ্যগুলোপূরণ করুনঃ

Topic: যে প্রশিক্ষণ/সভা অনুষ্ঠিত হবে তার নাম দিন।

Start: প্রশিক্ষণ/সভা যে তারিখে অনুষ্ঠিত হবে সেই তারিখ ও সময় উল্লেখ করতে হবে।



Meeting ID: প্রশিক্ষণ/সভার আইডি হিসেবে Generate Automatically সিলেক্ট করে দিন।

Passcode: প্রশিক্ষণ/সভায় যুক্ত হওয়ার জন্য পাসকোড/পাসওয়ার্ড দিন।

Audio: Computer Audio

Advanced Option: এই অপশন হতে বিভিন্ন সেটিংস নির্ধারণ করে দেওয়া যায়, যেমনঃ প্রশিক্ষণ/সভার অংশগ্রহণকারীগণ Host এর আগে প্রবেশ করতে পারবে কিনা, মিটিং রেকর্ড হবে কিনা, ওয়েটিং রুম থাকবে কিনা ইত্যাদি প্রয়োজন অনুযায়ী সিলেক্ট করে দেওয়া যাবে।



উপরোক্ত তথ্যবলী দেয়া হলে ল্যাপটপ/ডেস্কটপের জন্য একদম নীচে থাকা Save অপশন এবং মোবাইলের জন্য উপরের ডান পাশে Done বাটনে ক্লিক করতে হবে।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |






৪। সকল তথ্য সঠিকভাবে প্রদান করা হলে Meetings অপশনে নিচের চিত্রের মতো সভাসমূহের তালিকা প্রদর্শিত হবে। যে মিটিংটি হোস্ট করা হবে তার Start বাটনে ক্লিক করলে মিটিং চালু হয়ে যাবে।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |

৫। হোস্ট/কো-হোস্ট হিসেবে দায়িত্বঃ হোস্ট বা কো-হোস্ট হিসেবে প্রশিক্ষণ/সভা শুরু করা হলে হোস্ট/কো-হোস্ট একাউন্টে Security নামক একটি অপশনে বেশ কিছু সাব-অপশন বা ফিচার থাকবে যা নিম্নরূপঃ





Lock Meeting: টিক চিহ্ন দেয়া হলে বাহির হতে অন্য কেউ প্রশিক্ষণ/সভায় যুক্ত হতে পারবে না।


Enable Waiting Room: অংশগ্রহণকারীগণ সরাসরি যুক্ত হতে পারবে কি পারবে না তা এখানে টিক চিহ্ন দিয়ে বা না দিয়ে সেট করে নিতে হবে।


**হোস্ট/কো-হোস্ট হিসেবে অংশগ্রহণকারীদের জন্য প্রযোজ্যঃ**

এ অপশনে Share Screen, Chat, Rename, Themselves, Unmute Themselves নামে বেশ কিছু ফিচার রয়েছে যা টিক দিয়ে বা না দিয়ে অংশগ্রহণকারীদের জন্য এসব ফিচার চালু বা বন্ধ করা যাবে।





৬। **প্রশিক্ষণ/সভা রেকর্ড করাঃ** হোস্ট/কো-হোস্ট বা অনুমতি প্রাপ্ত যেকোন অংশগ্রহণকারী প্রশিক্ষণ/সভা রেকর্ড করতে পারবেন। নিচের চিত্রে দেখানো Record অপশনে ক্লিক করে রেকর্ড করতে হবে। কোথায় রেকর্ড হবে জানতে চাইলে Record on this computer সিলেক্ট করতে হবে।





৭। **অংশগ্রহণকারীদের কন্ট্রোল করাঃ** কোনো অংশগ্রহণকারী প্রশিক্ষণ/সভায় কোনো ধরনের সমস্যা তৈরি করলে বা মাইক্রোফোনে নয়েজ তৈরি করলে হোস্ট/কো-হোস্ট নিচের চিত্রে দেখানো Mute অপশন ব্যবহার করে অংশগ্রহণকারীর মাইক্রোফোন বন্ধ করা যাবে।





এছাড়া হোস্ট/কো-হোস্ট More অপশনে ক্লিক করে অংশগ্রহণকারীর জন্য যেসকল ব্যবস্থা গ্রহণ করা যাবে তা হচ্ছেঃ Chat, Stop Video, Make Host, Make Co-Host, Rename, Put in Waiting Room, Remove ইত্যাদি।




৮। Raise Hand: হোস্ট/কো-হোস্ট প্রশিক্ষণ/সভা Mute অবস্থায় শুরু করলে বা কারো Un-mute অপশন ডিজাবল করে দিলে অংশগ্রহণকারী নিজেকে কোনো অবস্থায় Un-mute করতে পারবে না। এক্ষেত্রে Chat অপশনে Raise Hand নামক অপশনে ক্লিক করে নিচের চিত্রের মতো হাত উঁচু করতে হবে। এ প্রেক্ষিতে হোস্ট/কো-হোস্ট Un-Mute করার সুবিধা দিতে পারেন। এছাড়া গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ/সভায় মাইক্রোফোন সরাসরি নিজে Un-Mute না করে Raise Hand এর মাধ্যমে অনুমতি চাওয়ার জন্য বলা হয়ে থাকে।





# অধ্যায়-৪

## মন্ত্রণালয়ের অনুষ্ঠিতব্য অনলাইন প্রশিক্ষণ/সভায় অংশগ্রহণ

ডেস্কটপ/ল্যাপটপে www.zoom.us/download সাইট ব্রাউজ করে সফটওয়্যারটি কম্পিউটার/ল্যাপটপে ইনস্টল করুন। মোবাইল ব্যবহারকারীরা প্লে-স্টোর এ zoom us দিয়ে সার্চ করে ZOOM Cloud Meeting Apps ইনস্টল করে নিন।


| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |

ভিডিও কনফারেন্সে যুক্ত হওয়ার জন্য নিচের ধাপ গুলো অনুসরণ করুনঃ



১। জুম এর মাধ্যমে আয়োজিত প্রশিক্ষণ/সভার নোটিশে মিটিং আইডি ও পাসকোড/পাসওয়ার্ড দেওয়া হবে তা দিয়ে জুম কনফারেন্সে যুক্ত হতে হবে।

Meeting ID: 834 5033 9203
Passcode: moind

২। ডেস্কটপ/ল্যাপটপ/স্মার্টফোন এ ইনস্টলকৃত জুম সফটওয়্যার/অ্যাপসটি তে ডাবল ক্লিক করে চালু করলে নিচের চিত্রের মতো উইন্ডো দেখাবে। Join a Meeting এ ক্লিক করতে হবে।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |


৩। কনফারেন্সে যুক্ত হওয়ার জন্য যে মিটিং আইডি প্রদান করা হয়েছে তা নিচের চিত্রের মতো উইন্ডোতে টাইপ করুন। মিটিং আইডির নিচের ঘরে আপনার নাম, পদবী, মন্ত্রণালয়ের নাম টাইপ করে Join বাটনে ক্লিক করুন।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |






৪। পরবর্তী উইন্ডোর Enter meeting passcode বা Enter meeting password ঘরে মিটিং আইডির সাথে যে পাসওয়ার্ড দেয়া হয়েছে উক্ত পাসওয়ার্ডটি টাইপ করে Join Meeting এ ক্লিক করুন।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |






৫। সব কিছু ঠিক থাকলে নিচের স্ক্রিণের মতো অপেক্ষা করতে বলবে। যিনি প্রশিক্ষণ/সভার হোস্ট তিনি আপনাকে গ্রুপে যুক্ত করে নিবেন।



৬। অংশগ্রহণকারীর জুম একাউন্ট থাকলেঃ জুম সফটওয়্যার/অ্যাপসটি চালু করে জুম একাউন্ট এর ই-মেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।

**ল্যাপটপ / ডেস্কটপ**





**মোবাইল ফোন**





৭। লগইন হলে নিচের চিত্রেরমতো উইন্ডো দেখা যাবে। নতুন মিটিং হোস্ট করার জন্য Join নামক অপশনে ক্লিক করুন।


**ল্যাপটপ / ডেস্কটপ**




**মোবাইল ফোন**





৮। Join এ ক্লিক করলে নিচের চিত্রেরমতো যে উইন্ডো দেখা যাবে এখানে মিটিং আইডি ও আপনার নাম এবং পরের উইন্ডোতে পাসকোড বা পাসওয়ার্ড টাইপ করে মিটিং এ যুক্ত হওয়া যাবে।



# অধ্যায়-৫

## মিটিং যুক্ত হওয়ার পর করণীয়


১। মিটিং আইডি ও পাসওয়ার্ড দিয়ে সফলভাবে যুক্ত হওয়ার পর নিচের চিত্রের মতো উইন্ডো দেখাবে। ডেস্কটপ/ল্যাপটপ/মোবাইলে অডিও চালু করার জন্য Join Audio বাটনে ক্লিক করতে হবে। Join Audio অপশনে Call via Device Audio বা Call via Internet Device অপশন দেখালে তা সিলেক্ট করলে মাইক্রোফোন ও স্পিকার চালু হবে।

<table>
<tr><th>ল্যাপটপ / ডেস্কটপ</th><th>মোবাইল ফোন</th></tr>
<tr><td>


</td><td>


</td></tr>
</table>


২। অডিও অপশন চালু হওয়ার পরও ভিডিও অপশন ঠিক আছে কিনা দেখে নিতে হবে। সব কিছু ঠিক থাকলে ডিভাইসের নিচের দিকে বাম পাশে মাইক্রোফোন এর অডিও এবং ভিডিও অন অবস্থায় থাকবে। উল্লেখ্য, মাইক্রোফোন চালু থাকলে এর নিচে Mute ও ভিডিও চালু থাকলে এর নিচে Stop Video লেখা থাকে।

<table>
<tr><th>ল্যাপটপ / ডেস্কটপ</th><th>মোবাইল ফোন</th></tr>
<tr><td>



</td><td>




</td></tr>
</table>

৩। সব কিছু ঠিক থাকলে মাইক্রোফোন ও ভিডিও আইকনে ক্লিক করে নিচের চিত্রের মতো বন্ধ/Mute করে নিতে হবে। এক্ষেত্রে মাইক্রোফোন ও ভিডিও আইকনে লাল একটি দাগ দিয়ে ক্রস করা থাকবে। উল্লেখ্য, মাইক্রোফোন বন্ধ থাকলে এর নিচে Un-Mute ও ভিডিও বন্ধ থাকলে এর নিচে Start Video লেখা থাকবে।


| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |

৪। স্ক্রিন শেয়ার (Screen Share): কোনো কিছু স্ক্রিনে দেখানোর প্রয়োজন হলে ল্যাপটপ/ডেস্কটপ এর জন্য Share Screen এ ক্লিক করতে হবে। যে উইন্ডো প্রদর্শিত হবে এখানে Screen সিলেক্ট করে Share বাটনে ক্লিক করলে ডিভাইসের ডেস্কটপ স্ক্রিনটি প্রদর্শিত হবে। এখন আপনার চাহিদা অনুযায়ী ডকুমেন্ট/ছবি/ভিডিও যা দেখানো প্রয়োজন তা দেখানো যাবে। অন্যদিকে, মোবাইলে কিছু দেখাতে হলে Share এ ক্লিক করতে হবে। যে উইন্ডো প্রদর্শিত হবে এখানে Screen এ ক্লিক করলে মোবাইলের স্ক্রিনটি প্রদর্শিত হবে। এখন আপনার পছন্দ অনুযায়ী ডকুমেন্ট/ছবি/ভিডিও দেখানো যাবে।





| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |


৫। স্ক্রিন শেয়ার কনফারমেশনের জন্য একটি উইন্ডো প্রদর্শিত হলে Start Now বাটনে ক্লিক করতে হবে।




৬। সব কিছু ঠিক থাকলে নিচের চিত্রের মতো স্ক্রিনটি শেয়ার হবে। প্রয়োজন অনুযায়ী প্রেজেন্টেশন, ডকুমেন্টস, ছবি বা ভিডিও দেখানো যাবে।



| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |


৭। কনফারেন্সে অংশগ্রহণকারীর তালিকা দেখার জন্য Participants অপশনে ক্লিক করুন। এতে ডান পাশে অংশগ্রহণকারীর তালিকা দেখা যাবে।



৮। মেসেজ (Chat) আদান-প্রদান করাঃ কনফারেন্সে অংশগ্রহণকারীর কারও সাথে চ্যাটিং বা টেক্সের মাধ্যমে বার্তা পাঠানোর প্রয়োজন হলে Chat অপশনে ক্লিক করুন। এতে ডান পাশে অংশগ্রহণকারীর তালিকার নিচে Chat Box দেখা যাবে। যাকে মেসেজ পাঠাতে চান তাকে To: এর ঘরে সিলেক্ট করুন। এখানে এককভাবে মেসেজ পাঠানো যাবে ও যদি সবাইকে মেসেজ দিতে চান তাহলে Everyone সিলেক্ট করেও মেসেজ পাঠানো যাবে।

| ল্যাপটপ / ডেস্কটপ | মোবাইল ফোন |
|---|---|
|  |  |



# অধ্যায়-৬

# উপসংহার

Zoom সফটওয়্যার/অ্যাপস প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে। ফলে কম্পিউটার/ল্যাপটপ/মোবাইলের সফটওয়্যারটি নিয়মিত হালনাগাদ করে নিতে হবে। ফ্রি ভার্সন একাউন্ট দিয়ে ৪০ মিনিট কনফারেন্স করা যাবে তবে নির্দিষ্ট পরিমান ফি দিয়ে জুম সাইট হতে এক মাস বা এক বছরের জন্য সাবস্ক্রিপশন ক্রয় করা যায়। জুম সাবস্ক্রিপশন ক্রয় করা হলে কনফারেন্সের জন্য নির্ধারিত সময় থাকবে না। যেকোনো প্রয়োজনে জুম এর ওয়েবসাইট, ইউটিউব বা শিল্প মন্ত্রণালয়ের আইসিটি অধিশাখার সহযোগীতা নেয়া যেতে পারে।